

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উল্লেখ করা হয়েছে যে গরমের সময় সালাত দেরিতে পড়ার নির্দেশ কেবল তখনই দেওয়া হয়েছে যখন গরম অত্যন্ত তীব্র হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْإِبْرَادَ بِالصَّلَاةِ فِي الْحَرِّ إِنَّمَا أُمر بِذَلِكَ عِنْدَ اشْتِدَادِهِ

আরবী

1504 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرُ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي قَالَ: أَخْبَرَنَا مَعْمَرُ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا بِالصَّلَاةِ فَإِنَّ شَدة الحر من فيح جهنم)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1504 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) ((الروض)) (1049)

বাংলা

১৫০৪. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন প্রচন্ড উত্তাপ হবে, তখন তোমরা (এই সময়ে যোহরের) সালাতকে শীতল করে (বিলম্বে) আদায় করবে। কেননা নিশ্চই এই উত্তাপ জাহান্নামের শ্বাস থেকে আসে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬১৫; মুসানাফ আব্দুর রাযযাক: ২০৪৯; মুসনাদ আহমাদ: ২/২৬৬; মুসনাদুশ শাফে'ঈ: ১/৪৮; হুমাইদী: ৯৪২; সহীহ বুখারী: ৫৩৬; ইবনুল জারূদ: ১৫৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৬১; সহীহ ইবনু খুযাইমাহ: ৩২৯; ইবনু মাজাহ: ৬৭৭; তাহাবী: ১/১৮৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩২৪।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন